জাতীয় বস্ত্র প্রকৌশল ও গবেষণা ইনস্টিটিউট (নিটার)

নয়ারহাট, সাভার, ঢাকা।

নিটার/ছাত্র হোস্টেল/নোটিশ/২০১৯/১৪৬
তারিখ: ১৪-০২-২০১৯ ইং

*** নিটার ছাত্র হোস্টেল নীতিমালা ***

অত্র ইনস্টিটিউট এর ছাত্র হোস্টেলে অবস্থানরত সকল ছাত্রদেরকে নিম্নলিখিত নীতিমালা মেনে চলার নির্দেশ প্রদান করা হলঃ

১. হোস্টেলে অবস্থানরত ছাত্রদেরকে ক্লাস উপস্থিতির ক্ষেত্রে অবশ্যই কলেজিয়েট হতে হবে।

২. নিটার ছাত্র হোস্টেলে ও টেলিভিশন রুমে কোন ছাত্রী প্রবেশ করতে পারবেনা।

৩. ছাত্র হোস্টেলে কোন মহিলা দর্শনার্থী প্রবেশ করতে পারবে না।

৪. হোস্টেলে রক্ষিত প্রতিষ্ঠানের কোন সম্পদের কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না, এর যথাযথ রক্ষণাবেক্ষণ করতে হবে। কোন ক্ষতি সাধিত হলে প্রমাণ সাপেক্ষে আর্থিক ক্ষতিপূরণ দিতে হবে।

৫. হোস্টেলে গ্যাস, পানি ও বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে হবে। হোস্টেল কক্ষে যেকোন ধরনের বৈদ্যুতিক সরঞ্জামাদি (হিটার, রাইস কুকার ও ইস্ত্রি ইত্যাদি) ব্যবহার করা সম্পূর্ণরুপে নিষেধ।

৬. হোস্টেল কক্ষসমূহে উচ্চস্বরে কোন প্রকার গান-বাজনা করা, বাজানো, হৈ-হুল্লোড় করা বা অন্যের জন্য বিরক্তিকর কোন কর্মকান্ড সংঘটিত করা যাবে না।

৭. কোন ধরনের রাজনৈতিক কর্মকান্ড বা সংগঠনের জন্য ছাত্রাবাসকে কোন ভাবে ব্যবহার করা যাবে না। তবে বিভিন্ন ধরনের সাংস্কৃতিক কর্মকান্ড পরিচালনার অনুমতি দেয়া যেতে পারে।

৮. ছাত্র কর্তৃক হোস্টেলে কোন মালামাল আনলে তার লিখিত তালিকা সুপারিনটেন্ডেন্ট এর নিকট জমা দিতে হবে। উক্ত মালামাল হোস্টেল থেকে স্থানান্তরের ক্ষেত্রে হোস্টেল সুপারিনটেন্ডেন্ট এর নিকট অনুমোদন বা গেইট পাশ প্রদর্শন করতে হবে।

৯. ইনস্টিটিউট, হোস্টেল ও নিজ কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্নতার ব্যাপারে নিজেকে স্ব-উদ্যোগী হতে হবে।

১০. হোস্টেলে কোন সময় বিদ্যুৎ না থাকলে (বিশেষ করে রাতে) স্ব-উদ্যোগে নিজের কক্ষে বাতির ব্যবস্থা করতে হবে। নিজ ব্যবস্থাপনায় টেবিল ল্যাম্প/চার্জার বাতি/মোমবাতি ইত্যাদি নিয়ে আসার পরামর্শ দেয়া যাচ্ছে।

১১. যে কোন ধরনের মাদক গ্রহণ করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ, কোন ছাত্রকে মাদক গ্রহন বা এর সাথে জড়িত থাকার প্রমান পাওয়া গেলে তার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. হোস্টেল কক্ষে যাবতীয় ব্যাগ, ল্যাপটপ, মোবাইল ফোনসহ যে কোন ধরনের গুরুত্বপূর্ণ মালামাল নিজ দায়িত্বে রাখতে হবে। কোন কিছু হারানো গেলে হোস্টেল কর্তৃপক্ষ কোন ভাবেই হারানো মালামালের দায়িত্ব বহন করবে না।

১৩. সকল ধরনের ময়লা আবর্জনা নির্দিষ্ট ঝুড়িতে ফেলতে হবে। কোনভাবেই কোন ময়লা জানালা দিয়ে বাইরে নিক্ষেপ করা যাবে না।

১৪. হোস্টেলে উঠার সময় ছাত্রদের মশারী সহ প্রয়োজনীয় যাবতীয় বেডিং পত্র নিজ নিজ ব্যবস্থাপনায় নিয়ে আসতে হবে।

১৫. ক্যাম্পাস অথবা ক্যাম্পাসের বাইরে হোস্টেলের আবাসিক কোন ছাত্র র‍্যাগিং এর সাথে জড়িত থাকলে তার হোস্টেল সীট বাতিল সহ প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সুরুজ-জামান প্রভাষক ও সহকারী হোস্টেল সুপারিনটেন্ডেন্ট, নিটার	১৪.০২.১৯ মোঃ হাবিব উল্লাহ প্রভাষক ও সহকারী হোস্টেল সুপারিনটেন্ডেন্ট, নিটার	১৪.০২.১৯ নুরুন্নবী প্রভাষক ও হোস্টেল সুপারিনটেন্ডেন্ট (ভারপ্রাপ্ত), নিটার

অনুলিপিঃ

১। প্রশাসন বিভাগ, নিটার।

২। সেকশন অফিসার, অধ্যক্ষ (অধ্যক্ষ মহোদয়ের অবগতির জন্য)।

৩। নোটিশ বোর্ড, নিটার (ছাত্র হোস্টেল)।

৪। সংশ্লিষ্ট ছাত্র হোস্টেল নথি, নিটার।

৫। ওয়েবসাইট, নিটার।

ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)

নয়ারহাট, সাভার, ঢাকা।

নিটার/হোস্টেল/ব্যবস্থাপনা(ছাত্রী)/২০১৭২০৮/২০২০/ ১৫৩

তারিখ: ০৬-০২-২০২০ইং

*** নিটার ছাত্রী হোস্টেল নীতিমালা ***

অত্র ইনস্টিটিউট এর ছাত্রী হোস্টেলে অবস্থানরত সকল ছাত্রীদেরকে নিম্নলিখিত নীতিমালা মেনে চলার নির্দেশ প্রদান করা হলঃ

১। হোস্টেলে অবস্থানরত ছাত্রীদেরকে ক্লাস উপস্থিতির ক্ষেত্রে অবশ্যই কলেজিয়েট হতে হবে।

২। হোস্টেলে অবস্থানরত ছাত্রীদের কোন অতিথি বা আত্মীয় তাদের সাথে দেখা করতে আসলে হোস্টেল সুপারিনটেন্ডেন্ট এর অনুমতি সাপেক্ষে স্বল্প সময়ের জন্য হোস্টেলে অবস্থান করতে পারবেন।

৩। ছাত্রী হোস্টেলে কোন পুরুষ দর্শনার্থী প্রবেশ করতে পারবে না।

৪। রাত ৮:০০ ঘটিকার মধ্যে সকল ছাত্রীদেরকে হোস্টেলে প্রবেশ করতে হবে ।

৫। রাত ৮:০০ ঘটিকার পর কোন কারণে হোস্টেল ত্যাগ করার প্রয়োজন হলে উক্ত ছাত্রীকে অবশ্যই যথাযথ অভিভাবকের মাধ্যমে উপযুক্ত কারণ উল্লেখপূর্বক (প্রয়োজন হলে ছবি ও আবেদনপত্র প্রদান পূর্বক) হোস্টেল সুপারিনটেন্ডেন্ট এর অনুমতি নিতে হবে।

৬। হোস্টেলে রক্ষিত প্রতিষ্ঠানের কোন সম্পদের কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না, এর যথাযথ রক্ষণাবেক্ষণ করতে হবে। কোন ক্ষতি সাধিত হলে প্রমাণ সাপেক্ষে আর্থিক ক্ষতিপূরণ দিতে হবে।

৭। হোস্টেলে গ্যাস, পানি ও বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে হবে। হোস্টেল কক্ষে যেকোন ধরনের বৈদ্যুতিক সরঞ্জামাদি (হিটার, রাইস কুকার ও ইস্ত্রি ইত্যাদি) ব্যবহার করা সম্পূর্ণরূপে নিষেধ।

৮। হোস্টেল কক্ষসমূহে উচ্চস্বরে কোন প্রকার গান-বাজনা করা, বাজানো, হৈ-হুল্লোড় করা বা অন্যের জন্য বিরক্তিকর কোন কর্মকাণ্ড সংঘটিত করা যাবে না।

৯। কোন ধরনের রাজনৈতিক কর্মকান্ড বা সংগঠনের জন্য হোস্টেলকে কোনভাবে ব্যবহার করা যাবে না। তবে বিভিন্ন ধরনের সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিচালনার অনুমতি দেয়া যেতে পারে।

১০। ছাত্রীদের কর্তৃক হোস্টেলে কোন মালামাল আনলে তার লিখিত তালিকা সুপারিনটেন্ডেন্ট এর নিকট জমা দিতে হবে। উক্ত মালামাল হোস্টেল থেকে স্থানান্তরের ক্ষেত্রে হোস্টেল সুপারিনটেন্ডেন্ট এর নিকট অনুমোদন বা গেইট পাশ প্রদর্শন করতে হবে।

১১। ইনস্টিটিউট, হোস্টেল ও নিজ কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্নতার ব্যাপারে নিজেকে স্ব-উদ্যোগী হতে হবে।

১২। হোস্টেলে কোন সময় বিদ্যুৎ না থাকলে (বিশেষ করে রাতে) স্ব-উদ্যোগে নিজের কক্ষে বাতির ব্যবস্থা করতে হবে। নিজ ব্যবস্থাপনায় টেবিল ল্যাম্প/চার্জার বাতি/মোমবাতি ইত্যাদি নিয়ে আসার পরামর্শ দেয়া যাচ্ছে।

১৩। যে কোন ধরনের মাদক গ্রহণ করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ, কোন ছাত্রীকে মাদক গ্রহন বা এর সাথে জড়িত থাকার প্রমান পাওয়া গেলে তার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। হোস্টেল কক্ষে যাবতীয় ব্যাগ, ল্যাপটপ, মোবাইল ফোনসহ যে কোন ধরনের গুরুত্বপূর্ণ মালামাল নিজ দায়িত্বে রাখতে হবে। কোন কিছু হারানো গেলে হোস্টেল কর্তৃপক্ষ কোন ভাবেই হারানো মালামালের দায়িত্ব বহন করবে না।

১৫। সকল ধরনের ময়লা আবর্জনা নির্দিষ্ট ঝুড়িতে ফেলতে হবে। কোনভাবেই কোন ময়লা জানালা দিয়ে বাইরে নিক্ষেপ করা যাবে না। অন্যথায় অভিযুক্ত ছাত্রীর আসন বাতিলসহ যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। হোস্টেলে উঠার সময় ছাত্রীদের মশারী সহ প্রয়োজনীয় যাবতীয় বেডিং পত্র নিজ নিজ ব্যবস্থাপনায় নিয়ে আসতে হবে।

১৭। ক্যাম্পাস অথবা ক্যাম্পাসের বাইরে হোস্টেলের আবাসিক কোন ছাত্রী Ragging এর সাথে জড়িত থাকলে তার হোস্টেল সীট বাতিল সহ প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

Deepanjali 06/02/2020
দীপাঞ্জলি কুন্ডু
প্রভাষক ও সহকারী হল সুপারিনটেন্ডেন্ট (ভারপ্রাপ্ত)

Haque Rimu 06/02/2020
সানজিদা হক রিমু
প্রভাষক ও হল সুপারিনটেন্ডেন্ট (ভারপ্রাপ্ত)

অনুলিপি:

১। সহকারী রেজিস্ট্রার, নিটার (অধ্যক্ষ মহোদয়ের সদয় অবগতির জন্য)

২। নোটিশ বোর্ড, নিটার (ছাত্রী হোস্টেল)

৩। ওয়েবসাইট, নিটার

৪। সংশ্লিষ্ট ছাত্রী হোস্টেল নথি, নিটার